

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

“মহাকাশ বিজ্ঞান ভবন”

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

বিষয়: স্পারসোতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২২ তম সভার কার্যবিবরণ।

সভাপতি: মিজানুর রহমান

চেয়ারম্যান, স্পারসো।

স্থান: বোর্ড সভাকক্ষ।

তারিখ ও সময়: ১০ জানুয়ারি ২০২১, দুপুর ১২:৩০ টা।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ:

- ১। জনাব মোঃ জাফর উল্লাহ খান, সদস্য (প্রয়োগ), স্পারসো।
- ২। জনাব আ. জ. ম. জাহেদুল ইসলাম, সদস্য (প্রযুক্তি ২), স্পারসো।
- ৩। জনাব মোহাম্মদ সানাউল হক, সচিব (উপচসচিব) (বিকল্প কর্মকর্তা), স্পারসো।
- ৪। ড. মোঃ আব্দুস ছালাম, চীফ সায়েন্টিফিক অফিসার এবং সদস্য-সচিব নৈতিকতা কমিটি, স্পারসো।
- ৫। জনাব মোঃ মাহমুদুল হক, প্রধান প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্পারসো।

সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি স্পারসোর ২০২০-২০২১ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচি ১: স্পারসোর ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।


কমিটির সদস্য সচিব স্পারসোর ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করলে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতি কর্ম-পরিকল্পনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিকট কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অগ্রগতি তুলে ধরেন। বাস্তবায়ন অগ্রগতির আলোচনা পরিশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	মন্তব্য
১	অফিসের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্পারসোর প্রশাসনিক ভবনের কক্ষ নম্বর ১০৩ এবং গবেষণা ভবনের কক্ষ নম্বর ১১২ পরিষ্কার পরিচ্ছন্ন করার মাধ্যমে ব্যবহার উপযোগী করে ২৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন রিপোর্ট দাখিল করতে হবে।	সচিব, স্পারসো	
২	স্পারসোর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা ২০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করে অনুমোদনের পর ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সচিব, স্পারসো এবং ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, স্পারসো	
৩	স্পারসোর ই-টেন্ডরিং সংক্রান্ত কমিটি পুন:রায় গঠন	সচিব, স্পারসো	

৭৯

	করে সংশ্লিষ্টদের ই-জিপি সংক্রান্ত প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।		
৪	স্পারসোতে নথির জন্য বিষয় কোড বরাদ্দের পর আগামী ২০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে অফিস আদেশ জারির মাধ্যমে অন্যান্য বিভাগ বা শাখাকে জানাতে হবে।	সচিব, স্পারসো	
৫	স্পারসোর ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যেই প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সচিব, স্পারসো, ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, স্পারসো ও ওয়েবসাইট কো-অ্যাডমিন, স্পারসো	

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মিজানুর রহমান)

চেয়ারম্যান, স্পারসো

ও


সভাপতি নৈতিকতা কমিটি

স্পারসো।

নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৯৯.০০৫.১৭-০০০৭/৫ তারিখ: ১১/০১/২০২১

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। জনাব মোঃ জাফর উল্লাহ খান, সদস্য (প্রয়োগ), স্পারসো।
- ২। জনাব মোহাম্মদ মিজানুর রহমান, সদস্য (প্রযুক্তি ১), স্পারসো।
- ৩। জনাব আ. জ. ম. জাহেদুল ইসলাম, সদস্য (প্রযুক্তি ২), স্পারসো।
- ৪। ড. মোঃ আব্দুস ছালাম, চীফ সায়েন্টিফিক অফিসার এবং সদস্য-সচিব নৈতিকতা কমিটি, স্পারসো।
- ৫। জনাব মোঃ মাহমুদুল হক, প্রধান প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্পারসো।
- ৬। পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), স্পারসো।


(মোহাম্মদ সানাউল হক)
সচিব (উপসচিব)
(বিকল্প কর্মকর্তা)
স্পারসো।
ফোন: ৪৮১১৮৫৮১-০২